

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
১৬, আব্দুল গণি সড়ক, ঢাকা-১০০০
e-mail: dmss@dgfood.gov.bd
web: www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০১৯.১৬.৪৫২(৬)

তারিখ : ১০/০৬/২০১৮ খ্রিঃ

- প্রাপক : ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী/রংপুর।
২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, রংপুর/বগুড়া/জয়পুরহাট।
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাঘাবাড়ী এলএসডি।

বিষয় : নৌ-পথে ৫৪০০ মেটন আমন'১৭-১৮ সিদ্ধ চালের চলাচল উপ-সূচী।

সূত্র : চলাচল সংরক্ষণ ও সাইলো বিভাগের ১০/০৬/২০১৮ খ্রিঃ তারিখের ৪৪৭ নং স্মারক।

চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের সূত্রস্থ স্মারকে সিরাজগঞ্জ জেলার বাঘাবাড়ী এলএসডি ঘাট হতে নৌ-পথে বরিশাল বিভাগের বিভিন্ন এলএসডিতে ৫৪০০ মেটন আমন'১৭-১৮ সিদ্ধ চালের চলাচল উপ-সূচী নির্দেশক্রমে নিম্নরূপভাবে জারী করা হ'ল :

বাঘাবাড়ী এলএসডি ঘাট হতে নৌ-পথে আমন'১৭-১৮ সিদ্ধ চালের চলাচল উপ-সূচী (ডিবিসিসি খুলনা-বরিশাল/ মেজর ক্যারিয়ার খুলনা)।

ক্র.নং	ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম	শ্রেণী	মাধ্যম	প্রাপক কেন্দ্র	পরিমাণ	পণ্য	মন্তব্য
১.	মে/হারুণ এন্ড কোং	মেজর ক্যারিয়ার খুলনা	বাঘাবাড়ী এলএসডি ঘাট	পটুয়াখালী	৬০০	আমন'১৭-১৮	আখানি রংপুর/রাজশাহী
২.	মে/কাজী সাহিদুর রহমান	এ	এ	এ	৬০০	এ	নিম্নোক্ত এলএসডি হতে বাঘাবাড়ী ঘাটে পরিবহন করাবেন।
৩.	মে/ গ্লোবাল মার্কেটাইল শিপিং এন্ড ট্রেডিং	এ	এ	কাউখালী	৬০০	এ	জেলা রংপুর : পীরগঞ্জ-৪০০
৪.	মে/ আশা ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস	ডিবিসিসি (খু-ব)	এ	গলাচিপা	৬০০	এ	জেলা বগুড়া : সান্তাহার সিএসডি-
৫.	মে/ সোনারগাঁও শিপিং লাইন্স	এ	এ	এ	৬০০	এ	১৬০০
৬.	মে/ তুলিবুলি নেভিগেশন	এ	এ	সুবিদখালী	৬০০	এ	জেলা জয়পুরহাট : জয়পুরহাট-১০০০
৭.	মে/ টি হক এন্ড কোং	এ	এ	বরিশাল (হিঃকলসকাঠি)	৬০০	এ	পাঁচবিবি-১০০০
৮.	মে/ এম.ডি.আঃ গফফার	এ	এ	এ	৬০০	এ	কালাই-৯০০
৯.	মে/ মেরিনা পারভিন	এ	এ	ইন্দুরকানি	৬০০	এ	ক্ষেতলাল-৫০০
				মোট =	৫৪০০		

- সূচীর বিপরীতে প্রেরিতব্য চাল সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) কর্তৃক যাচাইকৃত মান সম্পন্ন এবং সাধারণ বিতরণযোগ্য হতে হবে। প্রেরিতব্য চালের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সুস্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে।
- প্রতি বার্জ/নৌযানে প্রেরিত চালের নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে।
- কীট আক্রান্ত এবং নিম্মানের কোন চাল প্রেরণ করা যাবে না।
- ঠিকাদার উপযুক্ত ড্রাফট সম্পন্ন নৌ-যান নির্ধারিত তারিখে উপস্থাপন করবেন।
- প্রেরকগণকে নদীর নাব্যতা এবং নৌ-যানের ধারণ ক্ষমতা, ড্রাফট, ফিটনেস ইত্যাদি যাচাই করে চাল বোঝাই দিতে হবে।
- সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদার ভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুত ও জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষর পূর্বক ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।
- সংশ্লিষ্ট আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক / জেলা খাদ্য নিয়ন্ত্রক / চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক / সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা/ ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ সূচী অনুযায়ী চাল প্রেরণ এবং গন্তব্যস্থানে মালামাল যথাযথভাবে পরিবহন ও প্রাপ্তি বিষয়ে খেয়াল রাখবেন এবং খাদ্যশস্য প্রাপ্তিতে বিলম্ব বা অন্য কোন রূপ জটিলতা উদ্ভব না হয় সে বিষয়ে সজাগ থাকবেন।
- এ সূচী আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ তাদের অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রকগণকে এবং জেলা খাদ্য নিয়ন্ত্রকগণ তার অধীনস্থ উপ-জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অবহিত করবেন।
- প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ও ঠিকাদার ভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।
- এই সূচীর মেয়াদ আগামী ২০/০৬/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।
- সূচির নির্ধারিত তারিখের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে পরবর্তীতে আগ্রহী ঠিকাদারের অনুকূলে উপ-সূচি প্রদান করা হতে পারে এবং ব্যর্থ ঠিকাদারের বিরুদ্ধে চুক্তি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।



(মোঃ মিজানুর রহমান)

উপ-পরিচালক (চপরেস)

চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ।

খাদ্য অধিদপ্তর, ঢাকা।

